দৈনিক সংবাদ

৩০/৭/২০০১



গতকাল ঢাকা মেডিক্যাল কলেজ অনির্দিষ্ট সময়ের জন্য বন্ধ ঘোষণা এবং ছাত্রছাত্রীদের বিকেল ৪টার মধ্যে হল ত্যাগের নির্দেশ দিলে ছাত্রছাত্রীরা হল ছেড়ে চলে যায় —সংবাদ

# ঢাকা মেডিক্যাল কলেজ অনির্দিষ্ট কালের জন্য বন্ধ ঘোষণা

## ☐ ছাত্রদল-ছাত্রলীগ সংঘর্ষের আশঙ্কা

নিজস্ব বার্তা পরিবেশক : ঢাকা মেডিক্যাল কলেজ অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করা হয়েছে। গতকাল রোববার সকালে কলেজ কাউন্সিলের জরুরি বৈঠকে এ সিদ্ধান্ত নেয়া হয়।

কলেজ ছাত্রাবাস ভাঙচুর, শিক্ষকদের ...মুক্তি ও বঙ্গবন্ধুর ছবি নামিয়ে ফেলার দাবি নিয়ে ছাত্রদল এবং ছাত্রলীগের মধ্যে পুনরায় সংঘর্ষের আশঙ্কা দেখা দেয়ায় এ সিদ্ধান্ত নেয়া হয়েছে। কলেজ হোস্টেলে অবস্থানরত সকল ছাত্রছাত্রীকে গতকাল বিকেল ৪টার মধ্যে হোস্টেল ত্যাগ করার জন্য নির্দেশ দেয়া হয়। কোন ছাত্রছাত্রী হোস্টেলে অবস্থান করলে তাদের দায়দায়িত্ব কর্তৃপক্ষ বহন করবেন না। হোস্টেল ত্যাগে ছাত্রছাত্রীদের বাধ্য করার জন্য পুলিশকে নির্দেশ দেয়া হয়েছে।

খোঁজ নিয়ে জানা গেছে, ঢাকা মেডিক্যাল কলেজ ক্যাম্পাস ও ছাত্রাবাসগুলো দীর্ঘদিন

ডিএমসি : পৃঃ ২ কঃ ৭

## ডিএমসি : বন্ধ ঘোষণা

( ১ম পৃষ্ঠার পর )

ধরে ছাত্রলীগ নিয়ন্ত্রণ করত। কলেজ ছাত্র সংসদও ছাত্রলীগের দখলে ছিল। তত্ত্বাবধায়ক সরকার গঠন করার পরপর জাতীয়তাবাদী ছাত্রদল ক্যাম্পাস নিয়ন্ত্রণ ও ছাত্রাবাস দখলের প্রস্তুতি নেয়। গত বুধবার গভীর রাতে ছাত্রদলের সশস্ত্র ক্যাডার বাহিনী কলেজ ছাত্রাবাসে হামলা চালায়। তারা ছাত্রাবাসের তত্ত্বাবধায়কের বাসায় বোমা নিক্ষেপ করে। একই সময় ছাত্রলীগ নিয়ন্ত্রিত একাধিক রুম ভাঙচুর করে। ছাত্রলীগের নেতা-কর্মীরা পালটা হামলা চালিয়ে ছাত্রদলকে প্রতিহত করার চেষ্টা করে। তখন উভয়পক্ষের মধ্যে সংঘর্ষ হয়। এরই জের হিসেবে গত বৃহস্পতিবার সকালে ছাত্ররা কলেজের মূল গেটে তালা ঝুলিয়ে দেয়। তারা সাধারণ ছাত্রছাত্রীদেরকে ক্যাম্পাসে ঢুকতে বাধা দেয়।